অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2021 সালে পুরো নিউ ইয়র্ক স্টেটে 600টির বেশি যৌথ সন্ত্রাসবাদ-বিরোধী অনুশীলন সম্পূর্ণ হওয়ার ঘোষণা দিলেন

সন্ত্রাসবাদ-বিরোধী দলগুলি অনেক ধরনের ব্যবসা, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সাইট এবং রেলস্টেশনে অনুশীলন পরিচালনা করেছে

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস 2016 সাল থেকে স্টেটজুড়ে 4,200-র বেশি অনুশীলন পরিচালনা করেছে

ছুটির মৌসুমে নাগরিকদের নিজেদের পারিপার্শ্বিকের ব্যাপারে সাবধান থাকতে এবং আইন প্রয়োগকারীদের কাছে সন্দেহজনক কার্যকলাপ রিপোর্ট করার জন্য উৎসাহিত করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেসের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) সন্ত্রাসবাদ-বিরোধী অফিস (Office of Counter Terrorism) 2021 সালে স্টেটব্যাপী 600টির বেশি অবস্থানে প্রশিক্ষণ অনুশীলন পরিচালনা করেছে। স্টেট ও স্থানীয় এজেন্সির সন্ত্রাসবাদ-বিরোধী বিশেষজ্ঞরা ব্যবসাসমূহের সন্দেহজনক কার্যকলাপ সনাক্ত ও রিপোর্ট করার ক্ষমতা যাচাই করতে স্টেটের প্রায় প্রতিটি কাউন্টিতে অনুশীলন সম্পূর্ণ করেছে। পুরো নিউ ইয়র্ক স্টেটে 2016 সাল থেকে 4,200-র বেশি অনুশীলন পরিচালিত হয়েছে।

"গভর্নর হিসেবে, আমি সবসময় নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিশ্চিত করতে চাই এবং আমাদের সার্বিক নিরাপত্তাকে হুমকি প্রদান করে এমন যেকোনো ও সকল ঝুঁকির জন্য প্রস্তুত থাকতে চাই," **গভর্নর হোকল বলেন।** "বার্ষিক এই অনুশীলনগুলি এই প্রচেষ্টার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এগুলি শুধু স্টেটব্যাপী ব্যবসাসমূহকে সন্দেহজনক কার্যকলাপ সনাক্ত করতে পারা নিশ্চিত করতে সাহায্য করে না, বরং তাদের নিজেদের দায়িত্ব অনুধাবন করতে এবং কীভাবে রিপোর্ট করতে হবে সে ব্যাপারের সাহায্য করে।"

সন্ত্রাসবাদ-বিরোধী অফিস অনুশীলনগুলি পরিচালনার জন্য 76টি এজেন্সির 360 জনের বেশি আইন প্রয়োগকারী সদস্যের সাথে অংশীদারিত্ব করেছে। দলগুলি একটি বিস্তৃত সীমার ব্যবসায় অনুশীলন পরিচালনা করেছে যারা সম্ভাব্য সন্ত্রাসবাদ ঘটনায় ব্যবহার হতে পারে এমন পণ্য বা সেবা প্রদান করে। 2021 সালে, দলগুলি কাজ করেছে হার্ডওয়্যার ও নির্মাণ সামগ্রীর দোকানে;

হোটেল ও মোটেলে; বড় বাক্সের খুচরা বিক্রেতার সাথে; যানবাহন ভাড়া দেওয়ার কোম্পানির সাথে; বেসরকারি পোস্টাল ফ্যাসিলিটিতে; মানুষবিহীন আকাশযান ব্যবস্থা (Unmanned Aircraft Systems, UAS) বা খুচরা ড্রোন বিক্রেতাদের সাথে; কৃষি সামগ্রীর দোকানে; মুদি দোকানে; সৌন্দর্য ও নখের সামগ্রীর দোকানে; পুলের সামগ্রীর দোকানে; নিজে জমা রাখার গুদাম ফ্যাসিলিটিতে, এবং বন্দুকের দোকান ও অনুষ্ঠানে। এছাড়াও দলগুলি 70টি অবকাঠামো অবস্থান যাচাই করেছে যেগুলিকে সন্ত্রাসবাদীরা আক্রমণের জন্য ব্যবহার বা লক্ষ্য করতে পারে। অবস্থানের উদাহরণের মধ্যে রয়েছে মল এবং শপিং সেন্টার, কলেজ এবং ইউনিভার্সিটি, বিমানবন্দর, ট্রানজিট হাব, অনুষ্ঠানের ভেন্যু এবং অন্যান্য জনসমাগমের স্থান।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেসের ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আমাদের ডিভিশন নিউ ইয়র্কের নাগরিকদের এবং একই সাথে স্টেটের অতি জরুরি অবকাঠামো অবস্থানগুলিকে সন্ত্রাসবাদের যেকোনো ঘটনা থেকে সুরক্ষা করতে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমি এই অনুশীলনগুলির সাথে জড়িত সকলকে এবং আইন প্রয়োগকারী বাহিনীতে আমাদের অংশীদারদেরকে সন্দেহজনক কার্যকলাপের মুখ্য নির্দেশকের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করতে সাহায্য করার জন্য ধন্যবাদ জানাই। আমি সকল ব্যবসা ও জনগণকে তাদের পরিপার্শ্বের ব্যাপারে সাবধান থাকতে এবং নিউ ইয়র্ক স্টেট সন্ত্রাসবাদ-বিরোধী টিপ লাইন (New York State Terrorism Tip Line) 1-866-SAFENYS নম্বরে ফোন করে সন্দেহজনক কার্যকলাপ রিপোর্ট করার জন্য তাগিদ দিচ্ছি।"

স্টেট পুলিশ সুপারিন্টেনডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "ব্যবসা ও জনগণকে সন্দেহজনক কার্যকলাপ সনাক্ত কীভাবে করতে হবে এবং কীভাবে আইন প্রয়োগকারীদের সে ব্যাপারে জানাতে হবে তা শেখানো হলো সন্ত্রাসবাদের হুমকি থেকে আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। আমরা স্থানীয় ও স্টেটের প্রথম সাড়াদানকারীরা যাতে যেকোনো জরুরি পরিস্থিতিতে সাড়া দিতে এবং প্রশমন করতে প্রস্তুত থাকে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সবকিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ। এধরনের অনুশীলনগুলি আমাদের বিদ্যমান নিরাপত্তা প্রটোকল উন্নত করতে সাহায্য করবে এবং বিপর্যয় আসলে সকলে একত্রে কাজ করতে এবং সর্বোপরি নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করবে।"

<u>অপারেশন NY-SECURE</u>

600টি অনুশীলনের পাশাপাশি, ডিভিশন "অপারেশন NY-SECURE" এ ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির সাথে অংশীদারিত্ব করেছে, অ্যামট্র্যাক রুট এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) কমিউটার লাইন সংলগ্ন স্থানে সন্ত্রাসবাদ-বিরোধী ও ঘটনার সাড়াদান সংক্রান্ত টহল পরিচালনা করার জন্য। অপারেশনের উদ্দেশ্য প্রতি স্টেশনের জন্য দায়ী রেলপথ পুলিশ এজেন্সি ও এইসব স্থানে জরুরি পরিস্থিতিতে প্রতিক্রিয়া জানানোর স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির মধ্যকার সমন্বয় ও প্রতিক্রিয়া উন্নত করা। এইসব দৃশ্যমান, প্ররোচক টহলের মধ্যে রয়েছে অতিরিক্ত প্ল্যাটফর্ম টহল, ট্রেনের ভেতর বর্ধিত নিরাপত্তাকর্মীর উপস্থিতি, বিস্ফোরক সনাক্তকারী কুকুর দ্বারা অনুসন্ধান এবং নজরদারি-বিরোধী ব্যবস্থা। 2021 সালে, অপারেশন NY-SECURE পুরো স্টেটে 74টি টহল সম্পূর্ণ করেছে। দলগুলি পুরো স্টেটে 62টি একক স্টেশন টহল, এবং এম্পায়ার লাইন সংলগ্ন অ্যামট্র্যাক এবং MTA স্টেশনে 12টি বহু -স্টেশন অনুশীলন পরিচালনা

করেছে। 2018 সালে কর্মসূচি শুরু হওয়ার পর থেকে, আইন প্রয়োগকারী দলগুলি পুরো স্টেটে 215-র বেশি টহল প্রদান করেছে। টহল 2022 সালে অব্যাহত থাকবে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য ফেসবুক পেজ দেখুন, টুইটারে এ @NYSDHSES অনুসরণ করুন, বা dhses.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন